গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
(মেট্রোরেলের স্বত্বাধিকারী প্রতিষ্ঠান)
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল- ১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.০০২.১১.০০২.১৮(অংশ-১)- 808

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ
০৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি-০৬

শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত কোম্পানির আকর্ষণীয় বেতন স্কেলে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

Sl.	Name of the Posts	Number of Post	Company Pay Grade	Qualification(s)	Age Limit
1	Assistant Manager (Line Operation)	1	9	Computer Science & Engineering (CSE)	35 years
2	Assistant Manager [Overhead Catenary System (OCS)/ Building Service Depot (E&M)/ OCS Monitoring]	3	9	Bachelor Degree in Electrical & Electronic Engineering (EEE)	35 years
3	Assistant Manager (Telecom & AFC Line Maintenance)	1	9	Bachelor Degree in Electrical & Electronic Engineering (EEE) or Electronic & Communication Engineering (ECE) or Electronic & Telecommunication Engineering (ETE)	35 years
4	Assistant Manager (Accounts)	1	9	4 years Honors in Accounting and Masters in Accounting with at least CGPA 3.00 and above in the scale of 4.00 for both degrees	35 years
5	Section Engineer (Signalling & Telecom)	4	10	4 years Diploma in Electrical Engineering or Electronics Engineering or Telecommunication Engineering with CGPA 3.5 and above	35 years
6	Section Engineer (P-Way & Civil Works)	2	10	4 years Diploma in Civil Engineering with CGPA 3.5 and above	35 years
7	Section Engineer [Electrical/ Electrical ([Rolling Stock)]	5	10	4 years Diploma in Electrical Engineering or Electronic Engineering with CGPA 3.50 and above	35 years
8	Section Engineer [Mechanical/ Mechanical (Rolling Stock)]	7	10	4 years Diploma in Mechanical Engineering with CGPA 3.50 and above	35 years
9	Station Controller	33	10	B.Sc. 1st Division or equivalent CGPA with Physics, Chemistry and Mathematics	35 years
10	Train Operator	51	10	B.Sc. 1st Division or equivalent CGPA with Physics, Chemistry and Mathematics	35 years
11	Accountant	1	14	Bachelor Degree in Accounting with at least CGPA 3.00 and above in the scale of 4.00	30 years
	Total	109			

শর্তসমূহঃ

১. সকল প্রার্থীকে সরকার নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা জনপ্রশাসন মন্ত্রণালয়ের website: www.mopa.gov.bd, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের website: www.rthd.gov.bd এবং Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর website: www.dmtcl.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

২. আবেদনপত্রের সাথে আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদি **প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত** করে সংযুক্ত করতে হবেঃ

(ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি;

(খ) জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি; এবং

(গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি।

৩. আবেদনপত্রের সাথে আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদির **মূল কপি** সংযুক্ত করতে হবেঃ

(ক) চারিত্রিক সনদপত্র; এবং

(খ) প্রার্থীর নিজ এলাকার স্থানীয় পরিষদ প্রধান (যেমনঃ সিটি কর্পোরেশন মেয়র বা কাউন্সিলর, পৌরসভার মেয়র বা কমিশনার অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান) কর্তৃক প্রদত্ত স্থায়ী ঠিকানার সনদপত্র।

৪. একজন প্রার্থী কেবলমাত্র ০১ (এক) টি পদে আবেদন করতে পারবেন। তবে কোম্পানি কর্তৃপক্ষ প্রয়োজনে একই যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন এবং সকল ধাপে উত্তীর্ণ প্রার্থীকে কোম্পানির একই Pay Grade-এর সমপদে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ করতে পারবে।

৫. শিক্ষাক্ষেত্রে কোন পর্যায়ে ৩য় শ্রেণী/বিভাগ এবং সমমানের জিপিএ ফলাফল প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।

৬. পরীক্ষার ফি বাবদ **'ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড'** - এর অনুকূলে Serial-1 থেকে 10 পর্যন্ত প্রার্থীদের ১,০০০/- (এক হাজার) টাকার এবং Serial- 11 এর প্রার্থীদের ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে করে মূল কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৭. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তির তারিখ পর্যন্ত প্রার্থীর বয়স গণনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেফিট গ্রহণযোগ্য নয় ।

৮. খামের উপর বাম দিকে পদের নাম ও নিয়োগ বিজ্ঞপ্তি-৬ উল্লেখ করতে হবে ।

৯. সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/ প্রকল্প/ কোম্পানিতে কর্তব্যরত আগ্রহী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১০. আবেদনপত্র বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ডাকা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের শুধুমাত্র মৌখিক পরীক্ষায় ডাকা হবে।

১১. ক্রমিক নম্বর-০৯ ও ১০ পদের প্রার্থী লিখিত ও মৌখিক পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ হওয়ার পর প্রার্থীকে কোম্পানির নির্ধারিত মনোবিজ্ঞানী/প্রতিষ্ঠান কর্তৃক গৃহিত Psychological Test-এ অংশগ্রহণ করতে হবে।

১২. কোন পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩. চূড়ান্তভাবে মনোনিত প্রার্থীকে কোম্পানির নির্ধারিত চিকিৎসক/চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্যপরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৪. লিখিত পরীক্ষার সময় প্রয়োজনীয় প্রস্তুতিসহ কলম/পেন্সিল/অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম আনতে হবে। প্রবেশ পত্রে প্রদত্ত নির্দেশনা এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৫. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদ, অভিজ্ঞতা ও প্রশিক্ষণের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৬. আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কোম্পানি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোম্পানি কর্তৃপক্ষ ইচ্ছা করলে পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবে।

১৭. যে কোনো বা সকল দরখাস্ত বা নিয়োগ কার্যক্রম বাতিল করার ক্ষমতা কোম্পানি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৮. কোম্পানি কর্তৃপক্ষ, সরকারী বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কোম্পানি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৯. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানিতে যোগদানের সময় ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা ও মুচলেকা সম্পাদন করতে হবে।

২০. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২১. যে কোন ধরণের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

২২. (ক) আবেদনপত্র আগামী **০৭ অক্টোবর ২০১৯** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে কেবলমাত্র ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে **'ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল- ১৪, ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০'**-এর বরাবরে পৌছাতে হবে ।

(খ) হাতে হাতে কোনো দরখাস্ত দাখিল করা যাবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না ।

(গ) প্রার্থীকে নিজ বর্তমান ঠিকানা স্পষ্টভাবে ৯" × ৪" আকারের খামের উপরে লিখে বা টাইপ করে উহাতে ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট লাগিয়ে আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে ।

২৩. উপরের **ক্রমিক-১ থেকে ক্রমিক-২২ তে বর্ণিত** শর্তসমূহ পূরণকারী Non-Resident Bangladeshi (NRB) গণও আবেদন করতে পারবেন। এ ক্ষেত্রে আবেদনের সাথে প্রার্থীকে Non-Resident Bangladeshi (NRB) হিসেবে প্রমাণপত্রের ছায়ালিপি সংশ্লিষ্ট বাংলাদেশ মিশন হতে সত্যায়িত করে আবেদনের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

২৪. প্রথমে ০২ (দুই) বৎসরের প্রবেশনে (শিক্ষানবিশকাল) নিয়োগ প্রদান করা হবে। শিক্ষানবিশকালে কর্মসক্ষমতা ও দক্ষতা সন্তোষজনক না হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরি হতে অব্যাহতি দেয়া হবে। প্রবেশনকাল সফলতার সাথে সম্পন্ন করলে চাকুরী নিশ্চিত করে পরবর্তী ০৫ (পাঁচ) বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। ব্যক্তিগত কর্মসক্ষমতা ও দক্ষতা মূল্যায়নের ভিত্তিতে পরবর্তীতে নিয়মিত চাকুরি চুক্তি নবায়ন করা হবে।

(মোহাম্মদ হারুন-অর-রশীদ)
কোম্পানি সচিব
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড